# ফিলিস্তিনে যুদ্ধবিরতি ও মানবিক সহায়তার আহ্বান বাংলাদেশের



সংগৃহীত ছবি

ফিলিস্তিনি জনগণের বিরুদ্ধে চলমান গণহত্যা ও নৃশংসতা অবসানে অবিলম্বে পূর্ণাঙ্গ যুদ্ধবিরতি কার্যকরের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। তিনি বলেন, ফিলিস্তিন সংকটের স্থায়ী ও শান্তিপূর্ণ সমাধান নিশ্চিত করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের এখনই দৃঢ় পদক্ষেপ গ্রহণ করা জরুরি।

গতকাল মঙ্গলবার (২৯ জুলাই) নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত এক আন্তর্জাতিক সম্মেলনে এ কথা বলেন তিনি। জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

পররাষ্ট্র উপদেষ্টা বলেন, “ইসরায়েলের হামলায় এ পর্যন্ত ৫৮ হাজারেরও বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন, যা একটি চলমান গণহত্যার শামিল। এই মানবতাবিরোধী অপরাধের জন্য দায়ীদের বিচারের মুখোমুখি করতে হবে।”

LENS ASIA

তিনি স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার প্রতি বাংলাদেশের অটল সমর্থন পুনর্ব্যক্ত করে বলেন, “দীর্ঘমেয়াদি শান্তি নিশ্চিত করতে হলে ইসরায়েল ও ফিলিস্তিন—দুই রাষ্ট্রের শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করতে হবে। জাতিসংঘসহ আন্তর্জাতিক মহলকে দ্বি-রাষ্ট্র ভিত্তিক সমাধান বাস্তবায়নে কার্যকর উদ্যোগ নিতে হবে।”

গাজা পুনর্গঠনে আরব রাষ্ট্রগুলোর নেওয়া উদ্যোগকে স্বাগত জানিয়ে তিনি জানান, বাংলাদেশ জাতিসংঘের নেতৃত্বে পরিচালিত গাজা পুনর্গঠন প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশ নিতে প্রস্তুত রয়েছে। একইসঙ্গে, তিনি গাজায় জাতিসংঘের ত্রাণ বিতরণ কার্যক্রমে কোনো ধরনের বাধা সৃষ্টির প্রচেষ্টা প্রতিহত করার আহ্বান জানান।

এই সম্মেলনে বাংলাদেশসহ বিশ্বের ১১৮টি দেশের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন